# মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

সাহু সিজদার বিবরণ

নাবী (ﷺ) থেকে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে যে, তিনি বলেছেন-

إِنَّمَا أَنَا بَشَرٌ مِثْلُكُمْ أَنْسَى كَمَا تَنْسَوْنَ فَإِذَا نَسِيتُ فَذَكِّرُونِى

‘‘আমি তোমাদের মতই একজন মানুষ। তোমরা যেমন ভুলে যাও আমিও তেমনি ভুল করি। আমি ভুলে গেলে তোমরা আমাকে স্মরণ করিয়ে দিয়ো’’।[1] সলাতে নাবী (ﷺ) কর্তৃক একাধিক বার ভুল করা উম্মাতের জন্য নেয়ামত স্বরূপ এবং দ্বীন পরিপূর্ণ হওয়ার প্রমাণ। যাতে তাঁর পরে উম্মাত ভুল করলে সংশোধনের ক্ষেত্রে সঠিক পন্থা অনুসরণ করতে পারে।

সুতরাং তিনি একবার চার রাকআত বিশিষ্ট সলাত পড়তে গিয়ে দুই রাকআত পড়ে (মাঝখানে না বসে ভুল বশতঃ) দাঁড়িয়ে গেছেন। সলাত শেষে করে সালামের পূর্বে তিনি দু’টি সাহু সিজদাহ করেছেন। সুতরাং এ থেকে একটি মাসআলা পাওয়া গেল যে, কোন ব্যক্তি সলাতের রুকন ব্যতীত অন্য কোন অংশ ভুল বশতঃ ছেড়ে দিলে তার জন্য সালামের পূর্বে দু’টি সাহু সিজদাহ করতে হবে। কোন কোন বর্ণনায় এসেছে যে, রুকন ছাড়া অন্য কোন অংশ (ওয়াজিব বিষয়) ছেড়ে দিয়ে পরবর্তী রুকন পালন করা শুরু করে দিলে স্মরণ হওয়ার পর ছুটে যাওয়া ওয়াজিব পালনের দিকে পুনরায় ফিরে আসবে না। (বরং পরবর্তী রুকন পালন করা অব্যাহত রাখবে এবং সালামের পূর্বে দু’টি সাহু সিজদাহ করবে)

তিনি একবার যোহর কিংবা আসরের সলাত দুই রাকআত পড়েই সালাম ফিরিয়ে দিয়েছেন। কথাও বলেছেন। অতঃপর তিনি বাকী সলাত পূর্ণ করে সালাম ফিরিয়েছেন। অতঃপর সাহু সিজদাহ করার পর পুনরায় সালাম ফিরিয়েছেন।

একবার তিনি কোন সলাতের এক রাকআত বাকী থাকতেই সালাম ফিরিয়ে চলে গেলেন। তালহা বিন উবাইদুল্লাহ্ (রাঃ) তাঁকে বললেন- আপনি সলাতের এক রাকআত ভুলে গেছেন। তিনি ফিরে এসে মসজিদে প্রবেশ করে বিলাল (রাঃ) কে ইকামাত দিতে বললেন । বেলাল (রাঃ) ইকামাত দিলেন আর তিনি লোকদেরকে নিয়ে বাকী রাকআত সলাত আদায় করলেন।[2]

একবার তিনি যোহরের সলাত পাঁচ রাকআত পড়ে সালাম ফিরালেন। সাহাবীগণ তাঁকে বললেন- সলাত কি বাড়িয়ে দেয়া হয়েছে? তিনি বললেন- কি হয়েছে? তারা বললেন- আপনি পাঁচ রাকআত সলাত পড়েছেন। তখন তিনি সালাম ফিরানোর পরে দু’টি সাহু সিজদা প্রদান করলেন। (অন্য বর্ণনায় আছে তিনি সাহু সিজদাহ করে পুনরায় সালাম ফিরিয়েছেন)

তিনি একবার আসরের সলাত তিন রাকআত পড়ে সালাম ফিরিয়ে বাড়িতে চলে গেলেন। লোকেরা তাঁকে স্মরণ করিয়ে দিলে তিনি বের হয়ে এসে তাদেরকে নিয়ে বাকী এক রাকআত সলাত পড়লেন। অতঃপর তিনি সালাম

ফেরালেন। অতঃপর দু'টি সাহু সিজদাহ প্রদান করলেন। পরিশেষে তিনি সালাম ফেরালেন।

উপরোক্ত পাঁচটি স্থানে রসূল (ﷺ) থেকে সলাতে ভুল হওয়া এবং সাহু সিজদাহ দেয়ার কথা সংরক্ষিত হয়েছে।

## ফুটনোট

[1]. বুখারী, অধ্যাঃ কিতাবুস্ সালাত,তাও. হা/৪০১, মিশকাত,হাএ. হা/১০১৬

[2]. মুসনাদে ইমাম আহমাদ, ৬/৪০১, আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুস্ সালাত। ইমাম আলবানী রহঃ) এই হাদীছকে সহীহ বলেছেন, সহীহু আবী দাউদ, হা/ ৮৯৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3746

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন